

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৯০০

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ আল্লাহর প্রিয় বন্ধুদের কারামত (অলৌকিক কর্মকাণ্ড) এবং তাঁদের মাহাত্ম্য

আরবী

وَ عَنْ جَابِرِ بِنِ سَمُرَةَ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ : شَكَا أَهْلُ الكُوفَةِ سَعْداً يَعنِي : ابنَ أَبِيْ وَقَاصٍ إِلَى عُمَرَ بِنِ الخَطَّابِ فَعَزَلَهُ وَاسْتَعْمَلَ عَلَيْهِمْ عَمَّاراً فَشَكُوا حَتَّى ذَكُرُوا أَنّهُ لاَ يُحْسِنُ يُصِلِّي، فَأَرْسُلَ إِلَيْهِ فَقَالَ : يَا أَبَا إِسْحَاقَ إِنَّ هَوُلاَءِ يَرْعُمُونَ أَنْكَ لاَ تُحْسِنُ تُصلِّي فَقَالَ : أَمَّا أَنَا وَاللهِ فَإِنِّي كُنْتُ أُصلِّي بِهِمْ صَلاَةَ رَسُولِ اللهِ عَلَيْ لاَ أَخْرِمُ عَنْها أُصلِّي فَقَالَ : أَمَّا أَنَا وَاللهِ فَإِنِّي كُنْتُ أُصلِّي بِهِمْ صَلاَةَ رَسُولِ اللهِ عَلَيْ لاَ أَخْرِمُ عَنْها أُصلِّي صَلاَتَي العِشَاءِ فَأَرْكُدُ فِي الأُولَيَيْنِ وَأُخِفُ فِي الأُخْرَيَيْنِ قَالَ : ذَٰلِكَ الظَّنُ بِكَ يَا أَبَا إَسْحَاقَ وَأَرْسَلَ مَعَهُ رَجُلاً أَنْ رِجَالاً لاَ إِلَى الكُوفَةِ يَسْأَلُ عَنْهُ أَهْلَ الكُوفَةِ فَلَمْ يَدَعْ مَسْجِداً إِلاَّ سَأَلَ عَنْهُ وَيُتْنُونَ مَعْرُوفاً حَتَّى دَخَلَ مَسْجِداً لِبَنِي عَبْسٍ فَقَامَ رَجُلٌ مِنْهُمْ مَسْجِداً إِلاَ سَأَلَ عَنْهُ وَيُتُنُونَ مَعْرُوفاً حَتَّى دَخَلَ مَسْجِداً لِبَنِي عَبْسٍ فَقَامَ رَجُلٌ مِنْهُمْ مَسْجِداً إِلاَّ سَأَلَ عَنْهُ وَيُتْنُونَ مَعْرُوفاً حَتَّى دَخَلَ مَسْجِداً لِبَنِي عَبْسٍ فَقَامَ رَجُلٌ مِنْهُمْ يَقَالَ لَكُ أُسَامَةُ بْنُ قَتَادَةً يُكَثّى أَبًا سَعْدَةً، فَقَالَ: أَمَا إِذْ نَشَدْتَنَا فَإِنَ سَعْداً كَانَ لاَ يَشِيرُ مِنْ اللّهُ وَلا يَعْدلُ فِي القَضِيَّةِ قَالَ سَعْدٌ : أَمَا وَاللهِ لأَدْعُونَّ بِتَلاَث : فَكَالَ مَنْهُ اللّهُ اللّهُ اللّهُ مُنْ مُنْ اللّهُ عَمُرُهُ وَأَطِلْ فَقْرَهُ وَعَرَضْهُ لِلْفُقِلَ وَعَرَضْهُ لللّهِ مِنَ عَمَيْرِ الرَّاوِي عَن جَابِرِ بنِ سَمُرَةً : فَأَنَا رَأَيْتُهُ بَعْدُ قَدْ سَقَطَ حَاجِبَاهُ عَلَى عَيْنَهُ مِنَ الطَّرُونَ فَيَعْمِزُهُنَ مَتَوْ عَلَيْهِ مِنَ الطُّرُ وَإِنَّهُ لَلْهُونَ عَلَيْهِ مِنَ وَإِنَّهُ لَلْهُ عَلَيْهِ مِنَ الطُرُلُ فَيْهُ مَنْ اللَّهُ الْمُلِكَ عَنْهُ عَلَيْهِ مِنَ الْمُلِكَ وَالْمُ وَالْمُؤْمِ فَا عَلَى عَيْنَهُ مَلَ الْمُلِكَ عَلَى عَيْنَهُ وَلَا اللّهُ اللّهُ اللّهُ الْمُلْكَ اللّهُ عَلَى عَنْهُ اللّهُ اللّهُ الْمُؤْمِ وَالْمَلْ الْمُعَلَى عَلْهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّ

বাংলা

(২৯০০) জাবের বিন সামুরাহ (রাঃ) হতে বর্ণিত, কুফাবাসীরা উমার ইবনে খাত্মাব (রাঃ) এর কাছে সা'দ ইবনে আবী অক্কাস (রাঃ) এর বিরুদ্ধে অভিযোগ ক'রে বলল, 'সে ভালভাবে নামায পড়তে জানে না।' কাজেই তিনি তাঁকে ডেকে পাঠালেন এবং (যখন তিনি উমার (রাঃ) এর কাছে হাযির হলেন, তখন) তিনি তাঁকে বললেন, 'হে ইসহাকের পিতা! ওরা বলছে যে, তুমি উত্তমভাবে নামায আদায় কর না।' জবাবে তিনি বললেন, 'যাই হোক, আল্লাহর কসম! আমি তো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নামাযের মত নামায পড়াই, তা থেকে (একটুও) কম করি না। যোহর ও আসরের দুই নামাযের প্রথম দু' রাকআতে দীর্ঘক্ষণ কিয়াম করি এবং দ্বিতীয়



দু-রাকআতকে সংক্ষিপ্ত করি।'

উমার (রাঃ) (এ কথা শুনে বললেন,) 'ইসহাকের পিতা! তোমার সম্পর্কে ঐ ধারণাই ছিল।' পরে তিনি তাঁর সঙ্গে একজন বা কয়েকজন লোক কৃষা নগরীতে প্রেরণ করলেন। যাতে করে কৃষা নগরীর প্রতিটি মসজিদে গিয়ে সা'দ সম্পর্কে জিজ্ঞাসাবাদ করতে পারে। সুতরাং প্রত্যেক মসজিদেই তাঁর ব্যাপারে জিজ্ঞাসা করতে লাগল এবং সকলেই তাঁর প্রশংসা করল। শেষ পর্যন্ত যখন তারা বনু আব্সার মসজিদে উপনীত হল। তখন সেখানে আবু সা'দাহ উসামাহ ইবনে ক্বাতাদাহ নামক এক ব্যক্তি উঠে দাঁড়িয়ে বলতে লাগল, 'যখন আপনারা আমাদেরকে জিজ্ঞাসাই করলেন, তখন (প্রকাশ ক'রে দিচ্ছি শুনুন,) সা'দ সেনা বাহিনীর সঙ্গে (জিহাদে) যান না, নায্যভাবে (কোন জিনিস) বন্টন করেন না এবং ইনসাফের সাথে বিচার করেন না।'

সা'দ তখন (জবাবে) বলে উঠলেন, 'আল্লাহর কসম! আমি অবশ্যই তিনটি বন্দুআ করবঃ হে আল্লাহ! যদি তোমার বান্দা মিথ্যাবাদী হয়, রিয়া (লোকপ্রদর্শন হেতু) ও খ্যাতির জন্য এভাবে দণ্ডায়মান হয়ে থাকে, তাহলে তুমি ওর আয়ু দীর্ঘ ক'রে দাও এবং ওর দরিদ্রতা বাড়িয়ে দাও এবং ওকে ফিতনার কবলে ফেল।' (বাস্তবিক তার অবস্থা ঐরপই হয়েছিল।) সুতরাং যখন তাকে (কুশল) জিজ্ঞাসা করা হত, তখন উত্তরে বলত, 'অত্যন্ত বৃদ্ধ হয়ে পড়েছি এবং ফিতনায় পতিত হয়েছি: সা'দের বন্দুআ আমাকে লেগে গেছে।'

জাবের ইবনে সামুরাহ (রাঃ) থেকে বর্ণনাকারী আব্দুল মালিক বিন উমাইর বলেন, 'আমি পরে তাকে দেখেছি যে, সে অত্যন্ত বার্ধক্যের কারণে তার চোখের ভ্রুগুলি চোখের উপরে লটকে পড়েছে আর রাস্তায় রাস্তায় দাসীদেরকে উত্যক্ত করত ও আঙ্গুল বা চোখ দ্বারা তাদেরকে ইশারা করত।'

ফুটনোট

(বুখারী ৭৫৫, মুসলিম ১০৪৪-১০৪৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন